সমকাল

তারিখ ... 25 OCT 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

# শেকৃবির ভর্তি পরীক্ষার আবেদন শুরু আজ

■ শেকৃবি প্রতিনিধি

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের (শেকৃবি) ২০১৬-১৭ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ সম্মান শ্রেণির ভর্তি পরীক্ষার আবেদন আজ মঙ্গলবার শুরু হচ্ছে। চলবে ২৫ নভেম্বর রাত ১২টা পর্যন্ত। অনলাইনের মাধ্যমে আবেদনপত্র জমা দিতে হবে। গত রাত ১২টায় ভর্তি কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ে উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ। গতকাল সোমবার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এসব তথ্য জানায়।

এবারের ভর্তি পরীক্ষার আবেদন ফি নির্ধারণ করা হয়েছে ৯০০ টাকা। ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ৯ ডিসেম্বর।

২০১৫ বা ২০১৬ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত ও জীববিজ্ঞান বিষয়গুলোর প্রত্যেকটিতে ন্যূনতম জিপিএ ৩.০০সহ সর্বমোট জিপিএ ন্যূনতম ৭.০০ থাকতে হবে। কৃষি অনুষদে ৩৫০, এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট অনুষদে ৭৫ এবং এনিম্যাল সায়েন্স ও ভেটেরিনারি মেডিসিন অনুষদ ৯০ জন শিক্ষার্থী ভর্তি করা হবে। একাডেমিক কাউন্সিলের অনুমোদন সাপেক্ষে 'ফিশারিজ ও একোয়াকালচার' অনুষদেও শিক্ষার্থী ভর্তি করা হতে পারে বলে কর্তৃপক্ষ জানিয়েছে। ভর্তি বিষয়ে বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে www.sau.edu.bd জানা যাবে।